

করোনাভাইরাস ব্যাধি 2019 (কোভিড-19)

পোষ্য ও অন্যান্য পশুদের কীভাবে পরিচর্যা করতে হবে

আপনার কোভিড-19 হলে অথবা আপনি বা আপনার পোষ্যরা
কোভিড-19 এর সংস্পর্শে এসে থাকলে

পশুদের কোভিড-19 সংক্রমিত হওয়ার সীমিতসংখ্যক রিপোর্ট এসেছে। বর্তমানে পোষ্য বা অন্যান্য গৃহপালিত পশুদের কোভিড-19 ছড়ানোর গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের কোনো প্রমাণ পাওয়া যায়নি। আপনি অসুস্থ হয়ে পড়লে আরো বেশি কিছু না জানা পর্যন্ত সুপারিশ করা হচ্ছে যে আপনি যেন

পোষ্য বা অন্যান্য পশুদের সংস্পর্শ এড়িয়ে চলেন, ঠিক যেমনটা আপনি অন্যান্য মানুষদের সঙ্গে করেন।

আপনার পোষ্যগুলিকে আপনার বাড়িতে রাখুন

- আপনি অসুস্থ হয়ে পড়লে বাড়িতে অসুস্থ নয় এমন কাউকে আপনার পোষ্যদের পরিচর্যা করতে বলুন।
- বাড়িতে সকলেই অসুস্থ হলে অথবা আপনি একা বাস করলে আপনার পোষ্যদের বাড়িতে রাখাই সবচেয়ে ভালো যদি তাদের পরিচর্যা করা সম্ভব হয়।



পোষ্যদের অন্যত্র স্থানান্তরিত করা আবশ্যিক কিনা তা বিবেচনা করুন

- সম্ভব হলে, তীব্র কোভিড-19 অসুস্থতার ঝুঁকিতে রয়েছেন এমন ব্যক্তিদের (70 বছরের বেশি বয়সী বা অন্তর্নিহিত স্বাস্থ্যের অবস্থা সহ মানুষদের) সংক্রমণের সংস্পর্শে আসা পশুদের অস্থায়ী পরিচর্যাকারী হওয়া এড়িয়ে চলতে হবে।
- সম্ভব হলে অন্যান্য পশু বা মানুষদের সাথে সংস্পর্শ ন্যূনতম করতে পোষ্যদের বাড়ির একটি এলাকায় বিচ্ছিন্ন অবস্থায় রাখুন।



পোষ্যদের সাথে ঘনিষ্ঠ বা দীর্ঘায়িত সংস্পর্শ এড়িয়ে চলুন

- পোষ্যদের সঙ্গে নিম্নলিখিত সংস্পর্শগুলি যথাসম্ভব এড়িয়ে চলুন: তাদের জড়িয়ে ধরা, তাদের চুমু খাওয়া, তাদেরকে আপনাকে চাটতে দেওয়া, তাদের সঙ্গে খাবার ভাগ করে নেওয়া অথবা তাদেরকে আপনার বিছানায় ঘুমোতে বা আপনার কোলে বসতে দেওয়া।



পোষ্যদের মানুষের ও অন্যান্য পশুদের থেকে দূরে রাখুন

- পোষ্যদের যথাসম্ভব বাড়ির মধ্যে রাখুন।
- কুকুরেরা বাইরে বেরোলে তাদেরকে শিকলে বেঁধে রাখতে হবে এবং তাদেরকে মানুষের ও অন্যান্য পশুদের থেকে অন্তত দুমিটার দূরে রাখতে হবে।



পোষ্যদের পরিচর্যা করার সময় সতর্কতা অবলম্বন করুন।

- পোষ্যদের, তাদের খাবার বা সামগ্রী স্পর্শ করার আগে ও পরে অবিলম্বে আপনার হাত সাবান-জল দিয়ে ধুয়ে ফেলুন অথবা অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- পোষ্যদের সামনে কাশবেন না বা হাঁচবেন না। সবসময় আপনার ভাঁজ করা কনুইয়ে বা টিস্যুর মধ্যে কাশুন বা হাঁচুন এবং পরে আপনার হাত ধুয়ে ফেলুন।
- নিজের মুখ স্পর্শ করা সবসময় এড়িয়ে চলুন।



পোষ্যরা কোভিড-19-এর সংস্পর্শে এসে থাকলে তাদের যে কোনো অসুস্থতার লক্ষণের জন্য পর্যবেক্ষণ করুন।

- আপনার পোষ্য অসুস্থতার কোনো লক্ষণ দেখালে আপনার পশুটিকে ক্লিনিকে পরীক্ষা করতে হবে, নাকি বাড়িতেই তার ব্যবস্থা করা যাবে তা নির্ধারণ করতে আপনার পশু-চিকিৎসককে ফোন করুন।



লাইভস্টক ও পোলট্রির সংস্পর্শে আসা এড়িয়ে চলুন

- লাইভস্টক উপাদানকারীদের যা করতে হবে:
 - খামারের যাবতীয় বিদ্যমান জৈব-নিরাপত্তা ব্যবস্থা অনুসরণ করুন
 - পশুদের সঙ্গে সংস্পর্শ কেবলমাত্র তাদের পরিচর্যা প্রদানের জন্য প্রয়োজনীয় সংস্পর্শে সীমিত রাখুন
- সম্ভব হলে, আপনার এগুলি থাকলে আপনার পশুদের পরিচর্যা করবেন না:
 - কোভিড-19 রোগনির্ণয় হয়েছে অথবা শ্বাস-প্রশ্বাস জনিত অসুস্থতার লক্ষণ রয়েছে
 - কোভিড-19-এ বা শ্বাস-প্রশ্বাস জনিত অসুস্থতায় আক্রান্ত কারোর সংস্পর্শে এসেছেন, অথবা
 - গত 14 দিনের মধ্যে ক্যানাডার বাইরে ভ্রমণ করেছেন
- আপনাকে নিজে আপনার পশুদের পরিচর্যা করতে হলে:
 - উপরে দেওয়া নির্দেশ অনুসারে মৌলিক সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অনুসরণ করুন, এবং
 - পশুদের সংস্পর্শে আসা আপনার স্পর্শ করা যে কোনো সরঞ্জাম পরিষ্কার/জীবাণুমুক্ত করুন

ভাইরাসটি সম্পর্কে আরো জানুন

কোভিড-19 একটি নতুন ভাইরাস। এটি একজন সংক্রমিত ব্যক্তির থেকে অন্য ব্যক্তিদের মধ্যে নিঃশ্বাসের সঙ্গে বেরোলো ফোঁটাগুলির মাধ্যমে ছড়ায় যাদের সঙ্গে তাদের ঘনিষ্ঠ পরিচিতি রয়েছে, যেমন সেইসব মানুষ যারা একই পরিবারে বাস করেন অথবা পরিচর্যা করেন। আপনি কোভিড-19 হালনাগাদ করা তথ্যে ওন্টারিও স্বাস্থ্য মন্ত্রকের ওয়েবসাইটেও প্রবেশ করতে পারেন: ontario.ca/coronavirus.

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন: _____

এই নথির তথ্য 31 জুলাই, 2020 তারিখে সাম্প্রতিক